

## কমিউনিটির অভিভাবক ও সুধীজনের সাথে বাংলা প্রসার কমিটির জরম্বরী সভা

আতিকুর রহমান॥ গত ৬ ডিসেম্বর রবিবার সিডনী'র দি গ্রানজ পাবলিক স্কুলস্থ ক্যান্সেলটাউন বাংলা স্কুল প্রাঙ্গনে বাংলা প্রসার কমিটি Saturday School of Community Language এর ছাত্র-ছাত্রীদের অভিভাবক, বাংলাদেশী কমিউনিটির বিভিন্ন সংগঠনের নেতৃত্ব বৃন্দের সাথে এক জরম্বরী সভার আয়োজন করা হয়েছিল। সুদীর্ঘ ১৮ বছর যাবত বাংলা ভাষাকে অষ্ট্রেলিয়াতে সরকারী স্কুলের পাঠ্য বিষয় (LOTE) হিসেবে অন্তর্ভুক্ত করতে বাংলা প্রসার কমিটি কাজ করে যাচ্ছে। এর ফলে ইতিমধ্যেই নিউ সাউথ ওয়েলস সরকারী হাইস্কুলে বাংলা ভাষাকে একটি সাবজেক্ট হিসেবে স্বীকৃতি প্রদান করেছে যা সিডনীস্থ লিভারপুল ও ডালউইচ হিলস সেন্টারের মাধ্যমে শিড়্গা প্রদান করা হয়েছে। এ বৎসর ছাত্র-ছাত্রীদের সংখ্যা একেবারেই হ্রাস পাওয়ার ফলে কর্তৃপক্ষ স্কুল দু'টিকে বন্ধের বার্তা প্রদানের পরিত্রােড়িতে এবং এর উত্তোরনের কর্মপস্থা নির্ধারনে লড়্গ্যে বাংলা প্রসার কমিটি এ জরম্বরী সভার আয়োজন করে। সভায় সভাপতিত্ব করেন সংগঠনের ভারপ্রাপ্ত সভাপতি খায়রম্মল আলম এবং পরিচালনা করেন সাধারণ সম্পাদক আবুল সরকার। সভায় সুধীজন সকলেই স্কুল বন্ধ হওয়ার বিপড়্গে মত প্রদান করেন। এ সংকটাপন্ন অবস্থা থেকে উত্তোরনের জন্য সর্বাভুক সাহায্য ও সহযোগিতা প্রদানের আশ্বাস প্রদান করেন। স্কুলের ন্যূনতম সংখ্যা ১২ অতিক্রমের জন্য নিজ ও নিকট পরিচিত জনদের সন্তানদের ভর্তির ব্যবস্থার জন্য প্রয়োজনীয় পদড়্গাপ নেয়ার ইচ্ছা পোষন করেন এবং নতুন বৎসরে নতুন আঙ্গিকে স্কুলের কার্যক্রম পরিচালনার আশাও ব্যক্ত করেন। সংগঠনের সভাপতি ও সাধারণ সম্পাদক সিডনী'র সকল স্তরের নেতৃত্ব বৃন্দের কাছে প্রবাসে বাংলা ভাষাকে প্রসারের জন্য সহযোগিতা কামনা করেছেন। সভায় গুরম্মত্বপূর্ণ মতামত ব্যক্ত করেন বাংলা প্রসার কমিটির প্রাক্তন সাধারণ সম্পাদিকা হাছিনা আক্তার মিনি, ক্যান্সেলটাউন বাংলা স্কুলের সাধারণ

সম্পাদক মাসুদ চৌধুরী, ড. স্বপন পাল, ড. আনোয়ারমল হক বখতিয়ার, আবু তারিক, সেলিমা তারিক, গালিমুল সাদ্দাম, মিসেস গালিমুল, মিসেস মাসুম, শাহাদত হোসেন, আতিকুর রহমান, ড. মাকছুদুল বারী, ব্যারিষ্টার আমজাদ হোসেন সহ প্রমুখ।

